গাংনীতে ধর্ষণ মামলার আসামি গ্রেফতার

গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে অভিযান চালিয়ে সুমন হোসেন (২০) নামের এক ধর্ষককে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।
সুমন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের মাদরাসা পাড়ার টুকুল হোসেনের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার তদন্তকারি কর্মকর্তা থানার উপপরিদর্শক (এসআই) জহির রায়হান জানান, ঝিনাইদহের শৈলকুপার দিনমজুর বকুল হোসেন ও তার স্ত্রী আকলিমা খাতুন ও ভিকিটিম সাহারবাটি গ্রামের সব্জী ব্যবসায়ী সুমনের বাড়িতে ভাড়ায় থাকেন।
আজ বুধবার ভোররাতের দিকে বাড়ির মালিক সুমন হোসেন ভাড়াটিয়া বকুলের পালিত মেয়েকে (ভিকটিম) একা পেয়ে ধর্ষণ করে।

এই ঘটনায় পালিত পিতা বকুল হোসেন বাদি হয়ে সুমনের নামে গাংনী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনের ৯(১) ধারায় একটি মামলা দায়ের করেন। মামলা নং ১৭, তারিখ ১৬/০৮/২০২৩ ইং।

মামলা হওয়ার পর এসআই জহির রায়হান সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে সুমনকে গ্রেফতার করেন।

আজ বুধবার (১৬ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত সুমন হোসেনকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে মাদক মামলায়

সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় ৮ মাসের সশ্রম কারাদন্ডপ্রাপ্ত আসামী মোঃ হিরক মিয়াকে গ্রেফতার করছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুুর ক্যাম্পের একটি টিম।

গ্রেফতারকৃত হিরক মিয়া গাংনী উপজেলা শহরের পশু হাসপাতাল এলাকার মৃত আব্দুল মান্নানের ছেলে।

আজ মঙ্গলবার (১৫ আগস্ট) দুপুর ৩ টার দিকে র্যাবের একটি দল গোপন সংবাদে অভিযান চালিয়ে তাকে গাংনী কেন্দ্রীয় ঈদগাহ মাঠের কাছ থেকে গ্রেফতার করেন।

সিপিসি-মেহেরেপুর ক্যাম্পের কমান্ডার সহকারি পুলিশ সুপার মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, তার বিরুদ্ধে মাদক মামলা নং জিআর ৩৫৪/১৭,০৯(ক) এবং ১৯(৪) মামলায় ৮ মাসের সশ্রম কারাদন্ডপ্রাপ্ত আসামি।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করে মেহেরপুর সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে নাশকতার মামলায় ইউনিয়ন জামায়াতের আমীর গ্রেফতার

নাশকতা ও বিস্ফোরক আইনে পুলিশের দায়ের করা মামলায় গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন জামায়াতের আমীর জয়নাল আবেদীন (৫৫) কে গ্রেফতার করেছে থানা পুলিশ।

গ্রেফতারকৃত জয়নাল আবেদীন গাংনী উপজেলার শালদহ নওদাপাড়া এলাকার শরিয়তুল্লাহর ছেলে। সে রাইপুর ইউনিয়ন জামায়াতের আমীর।

তার নামে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন ও বিস্ফোরক আইনে মামলা নং ৪৩, তারিখ ৩০/০৬/২৩ ইং রয়েছে।

গাংনীর এলাঙ্গী ক্যাম্পের ইনচার্জ (এসআই) সুফল কুমারের নেতৃত্বে পুলিশের একটি টিম আজ বৃহস্পতিবার (১০ আগষ্ট) সন্ধ্যার দিকে তার বাড়িতে অভিযান চালিয়ে জামায়াত নেতা জয়নাল আবেদীনকে গ্রেফতার করে গাংনী থানায় নেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, গ্রেফতারকৃত জামায়াত নেতাকে আগামীকাল শুক্রবার (১১ আগষ্ট) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৮

মেহেরপুর সদর থানা ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ৪ জন, ৩৪ ধারায় ১ জন, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও নিয়মিত মামলায় ১ জন ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি রয়েছে।

গতকাল মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বুধবার ভোররাত পর্যন্ত দুটি উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

তারা জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করেন।

আজ বুধবার (৯ আগষ্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনী পৌর ছাত্রদলের সাবেক আহবায়ক গ্রেফতার

গাংনী পৌর ছাত্র দলের সাবেক আহবায়ক রেজওয়ানুল হক ইমনকে (৩০) নাশকতার মামলায় গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

রেজওয়ানুল হক ইমন গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের জুলফিকার আলীর ছেলে।
গতকাল রবিবার দিবাগত মধ্যরাতে গাংনী থানা পুলিশের একটি টিম তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রেজওয়ানুল হক ইমনের নামে নাশকতার অভিযোগে গাংনী থানায় একটি মামলা রয়েছে। মামলা নং ৪(৮)২৩।
গ্রেফতারকৃত ইমনকে আজ সোমবার (৭ আগষ্ট) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জামায়াতের ১০ নেতা কর্মী গ্রেফতার, ককটেল উদ্ধার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিস্ফোরকদ্রব্য আইনে দায়ের করা মামলায় জামায়াতের ১০ নেতা কর্মী গ্রেফতার হয়েছে। এসময় তাদের কাছ থেকে ৩ টি ককটেল ও দলীয় বই, লিপলেট উদ্ধার করা হয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার গোপালনগর গ্রামের নুরুল ইসলামের ছেলে মনোয়ার হোসেন (৪০), গাংনী পৌর এলাকার শিশিরপাড়া গ্রামের মৃত আখছেদ আলীর ছেলে আব্দুস সাত্তার (৬০), জুগিন্দা গ্রামের মোবারক

হোসেনের ছেলে গোলাম মোস্তফা (৫০), রাজাপুর গ্রামের হাউস আলীর ছেলে জাকারিয়া হোসেন (৪০), বাঁশবাড়িয়া গ্রামের আবুবক্কর সিদ্দিকের ছেলে সোহেল রানা (৪০), সানঘাট গ্রামের তোয়াজ মন্ডলের ছেলে আকছেদ আলী (৬৫), ধানখোলা গ্রামের আসমত আলীর ছেলে জামাল উদ্দীন (৬৪), ধানখোলা গ্রামের মাঝপাড়া এলাকার রইছদ্দিনের ছেলে আব্দুল হান্নান (৬০), রাজাপুর গ্রামের মৃত ওমর উল্লার ছেলে আব্দুল ওয়াদুদ(৫৫) ও তেঁতুলবাড়িয়া গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মনিরুল ইসলাম (৪৫)।

গাংনী থানার পৃথক পুলিশের টিম শনিবার দিবাগত রাতভর আজ রবিবার (৩০ জুলাই) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে জামায়াতের এসব নেতা কর্মীকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, আসামিদের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে মামলা নং ৪৩(৭)২৩ এর আসামি। ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)(২৫) ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক আইনের ৪/৬ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

ওসি আব্দুর রাজ্জাক বলেন, আসামিদের বিরুদ্ধে নাশকতা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা থাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৬ মাসের সাজাপ্রাপ্তসহ ৮ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামিকে গ্রেফতার

করেছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত(রিকল)সিআর মামলায় ২, জিআর মামলায় ২ ও মাদক মামলায় ১ জন, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ জন ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ মাসের সাজাপ্রাপ্ত ১ আসামি গ্রেফতার করেছে।

বুধবার দিবাগত রাতভর দুটি উপজেলার বিভিন্ন এলাকায় পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ওসি সাইফুল ইসলাম ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ বৃহস্পতিবার (২৭ জুলাই) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা গড়াইটুপিতে ইয়াবাসহ রহিম বাদশা গ্রেফতার

চুয়াডাঙ্গা সদরের ইয়াবা ট্যাবলেট সহ গড়াইটুপির রহিম বাদশাকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে তিতুদহ গ্রামের ডিগ্রীর মাঠ হতে ৩৩ পিচ ইয়াবা ট্যাবলেট সহ গ্রেফতার করে পুলিশ। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের গবরগাড়ার জহির উদ্দিনের ছেলে।

পুলিশ জানায়, গতকাল বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দর্শনা থানাধীন তিতুদহ পুলিশ ক্যাম্পের এসআই ফকির ফেরদৌস সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন তিতুদহ ইউনিয়নের তিতুদহ গ্রামের ডিগ্রীর মাঠের জনৈক সেলিম রেজার মৎস ঘের সংলগ্ন পানির পাম্পের দক্ষিন পাশে অভিযান পরিচালনা করে পুলিশ। এসময় তিতুদহ হতে গোবরগাড়াগামী মেঠো কাঁচা রাস্তার উপর হতে ৩৩ পিচ ইয়াবা ট্যাবলেট সহ রহিম বাদশা (১৯) নামের এক মাদক

ব্যবসায়ীকে গ্রেফতার করে পুলিশ। উদ্ধারকৃত মাদকের আনুমানিক
বাজার মূল্য ৯ হাজার ৯ শত টাকা মূলে জব্দ তালিকা মোতাবেক জব্দ করে।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী রহিম বাদশা চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের গবরগাড়া গ্রামের বাসিন্দা ও জহির উদ্দিনের ছেলে।

গ্রেফতারকৃত আসামিদ্বয়ের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে জেলা পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর জেলা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৬ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযান বিভিন্ন মামলার ৩ জন, মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ জন গাংনী থানা পুলিশের অভিযানে চুরির মামলায় ১ আসামি রয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল ও গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম মঙ্গলবার দিবাগত রাতভর অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।
আজ বুধবার (২৬ জুলাই) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের ১২ ঘন্টার পুলিশী অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২, সিআর মামলায় ১ ও ১৫১ ধারায় ২ জন আসামি এবং মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি রয়েছে।

সোমবার রাতের বিভিন্ন সময়ে দুটি উপজেলার পৃথক স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করে বলেন, গ্রেফতারকৃতদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।